

সীমিত

আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ  
ঢাকা সেনানিবাস

তারালাপনীঃ ৮৭১১১১১ বর্ধিত ৪২৬৮  
ই-মেইলঃ issb@issb-bd.org

০১ চৈত্র ১৪২২

২৩.১৭.০০০০.১১১.১৮.০০১.১৬

১৫ মার্চ ২০১৬

**সরকারের ৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত**

বরাতঃ

ক। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৭২ তারিখ ১০ মার্চ ২০১৬।

বরাত পত্রের প্রেক্ষিতে অত্র সংস্কার বিষয়োলিগ্ধিত প্রতিবেদন অত্র পত্রের সংযুক্ত ক্রোড়পত্র ক হিসাবে আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

মোঃ আবদুল্লাহ সায়মন  
মেজর  
প্রেসিডেন্টের পক্ষে

সংযুক্ত :

- ১। ক্রোড়পত্র ক - উন্নয়ন কর্মকাণ্ডের তথ্য ও স্থিরচিত্র - ০২ পাতা।
- ২। ০১ X সিডি

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১৫)

গনভবন কমপেণ্ডক্স

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

সীমিত

## উন্নয়ন কর্মকাণ্ডের তথ্য ও স্থিরচিত্র

১। **সংক্ষিপ্ত ভূমিকা :** স্বাধীনতা পরবর্তী সময়ে ১৯৭৪ সালে বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশনের লক্ষ্যে প্রার্থী নির্বাচনের জন্য গঠিত আর্মি সিলেকশন বোর্ড ১৯৭৬ সালে আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ হিসেবে আত্মপ্রকাশ করে এবং সেনা, নৌ ও বিমান তিন বাহিনীতে কমিশনের লক্ষ্যে প্রার্থীতা যাচাই ও নির্বাচন কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠালগ্নে ঢাকা সেনানিবাস এর সিগন্যাল গেট এবং বর্তমান বিমান বাহিনী বেস বঙ্গবন্ধু সংলগ্ন স্থানে অস্থায়ী বিভিন্ন স্থাপনায় আইএসএসবি এর কার্যক্রম শুরু করে। এ সকল স্থাপনার অধিকাংশই ছিল স্বাধীনতা পূর্ববর্তী সময়ের বিভিন্ন গুদামঘর, অফিস ইত্যাদি। সময়ের ক্রমধারায় ধীরে ধীরে প্রার্থী নির্বাচন সংখ্যা বৃদ্ধি পাওয়ার ফলে আইএসএসবি'র অবকাঠামোগত উন্নয়ন অবশ্যম্ভাবী হয়ে পড়ে। পাশাপাশি যুগের পরিবর্তন এবং সর্বক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার এর ফলে আইএসএসবি'র বিভিন্ন নির্বাচনী পরীক্ষা এবং নির্বাচন কার্যক্রম যুগোপযোগী করার লক্ষ্যে সরকারের বার্ষিক উন্নয়ন প্রকল্পের আওতায় “আইএসএসবি'র অবকাঠামোগত উন্নয়ন শীর্ষক” প্রকল্প হাতে নেওয়া হয়। ২০১০ সালে শুরু হওয়া এ প্রকল্পের সর্বমোট ব্যয় ধরা হয় ২২ কোটি ৮৫ লক্ষ টাকা। সর্বমোট ০৬টি ক্ষুদ্র প্রকল্পের সমন্বয়ে এ অবকাঠামোগত উন্নয়ন শীর্ষক প্রকল্পের কার্যক্রম শুরু হয়। প্রকল্পগুলো হচ্ছে যথাক্রমে আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদের ২০০ প্রার্থীর একত্রে পরীক্ষা গ্রহণের উপযোগী একটি অত্যাধুনিক টেস্টিং হল, পর্ষদের চতুর্পার্শ্বে নিরাপত্তা প্রাচীর নির্মাণ, অভ্যন্তরীণ রাস্তার উন্নয়ন, বাসস্থানসহ একটি দ্বিতল এমটি গ্যারেজ, স্থায়ী এবং অস্থায়ী অফিসারদের জন্য একটি অফিসার্স মেস এবং আইএসএসবি'র মূলফটক নির্মাণ।

২। প্রতিটি প্রকল্পের আলোকচিত্রসহ সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে প্রদান করা হলো :



চিত্র-১। অত্যাধুনিক টেস্টিং হল।

**টেস্টিং হল :** আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদে আগত প্রার্থীদের বিভিন্ন নির্বাচনী পরীক্ষা গ্রহণের জন্য ইতিপূর্বে কোন টেস্টিং হল ছিল না। এতে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন পরীক্ষা গ্রহণে খুবই অসুবিধার সম্মুখীন হতে হতো। আগত প্রার্থীদের নির্বাচন সংক্রান্ত বিভিন্ন পরীক্ষা গ্রহণের সুবিধার্থে এডিপির অর্থায়নে ৯,৬৩,৯২,৫২০.৫০ টাকা ব্যয়ে একটি অত্যাধুনিক টেস্টিং হল নির্মাণ করা হয়। প্রকল্পটির নির্মাণ কাজ গত ডিসেম্বর ২০১১ সালে শুরু হয় এবং জুন ২০১৩ সালে এর নির্মাণ কাজ শেষ হয়।



চিত্র-২। আইএসএসবি'র চতুর্দিকে নিরাপত্তা বেটনি।

**নিরাপত্তা বেটনি :** আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ সশস্ত্র বাহিনীর জন্য যোগ্য ও সম্ভাবনাময় কর্মকর্তা নির্বাচন করে থাকে। নির্বাচন সংশ্লিষ্ট সকল কাজের গোপনীয়তা রক্ষা করা অত্যাবশ্যিক। অত্র সংস্থার চারিপাশে ইতিপূর্বে কোন নিরাপত্তা বেটনি না থাকায় নির্বাচন সংক্রান্ত বিভিন্ন পরীক্ষা সমূহের নিরাপত্তা রক্ষা করা সম্ভব হতো না, বিশেষ করে মাঠ পর্যায়ে গ্রহণকৃত টেস্ট সমূহের। আইএসএসবি'র সামগ্রিক নিরাপত্তার বিষয়টি বিবেচনা করতঃ এডিপির অর্থায়নে ৪০,৭১,৯৮২.০০ টাকা ব্যয়ে সংস্থার চতুর্দিকে স্থায়ী সীমানা প্রাচীর নির্মাণ করা হয়। প্রকল্পটির নির্মাণ কাজ ডিসেম্বর ২০১০ সালে শুরু হয় এবং জুন ২০১১ সালে এর নির্মাণ কাজ শেষ হয়।

সীমিত



চিত্র-৩। আইএসএসবি'র আভ্যন্তরীণ রাস্তার উন্নয়ণ।



চিত্র-৪। আধুনিক এমটি গ্যারেজ।



চিত্র-৫। আইএসএসবি'র অফিসার্স মেস।



চিত্র-৬। আইএসএসবি'র প্রধান ফটক।

**রাস্তার উন্নয়ন :** আন্তঃ বাহিনী নির্বাচন পর্যদের আভ্যন্তরের রাস্তা সমূহ কাঁচা ছিল। এতে বর্ষা মৌসুমে গাড়ী এবং সকলের চলাচলে খুবই অসুবিধা হতো। চলাচলের সুবিধার্থে এডিপির অর্থায়নে ৮৪,৯৫,২৩৫.৬৬ টাকা ব্যয়ে সংস্থার আভ্যন্তরীণ রাস্তা সমূহ পাকা করা হয়। প্রকল্পটির নির্মাণ কাজ গত মার্চ ২০১১ সালে শুরু হয় এবং জুন ২০১২ সালে এর নির্মাণ কাজ শেষ হয়।

**এমটি গ্যারেজ :** আন্তঃ বাহিনী নির্বাচন পর্যদে সরকারী যানবাহন রাখার জন্য কোন এমটি গ্যারেজ ছিল না। এতে সরকারী মূল্যবান সম্পদ সংরক্ষণে অসুবিধা হতো। উক্ত সমস্যা নিরসনে গত ডিসেম্বর ২০১০ সালে এডিপির অর্থায়নে ১,১,৮৫,০৫৭.০০ টাকা ব্যয়ে একটি সৈনিক বাসস্থানসহ এমটি গ্যারেজ নির্মাণ করা হয়, যার নির্মাণ কাজ ডিসেম্বর ২০১১ সালে শেষ হয়।

**অফিসার্স মেস :** আন্তঃ বাহিনী নির্বাচন পর্যদে কর্মরত অফিসারগণ এবং অস্থায়ী কর্তব্যে আগত অফিসারগণের জন্য কোন অফিসার্স মেস/বিওকিউ ছিল না। এতে অফিসারগণের বসবাসসহ অন্যান্য প্রশাসনিক কার্যাবলী সম্পাদনে বিভিন্ন অসুবিধার সম্মুখীন হতে হতো। উক্ত সমস্যা নিরসনে এডিপির অর্থায়নে ৪,১০,৪২,৫৪৬.০০ টাকা ব্যয়ে আইএসএসবি'র জন্য একটি অফিসার্স মেসের নির্মাণ কাজ গত জানুয়ারি ২০১১ সালে শুরু হয় এবং জুন ২০১২ সালে এর নির্মাণ কাজ শেষ হয়।

**মেইন গেইট :** আন্তঃ বাহিনী নির্বাচন পর্যদে প্রবেশ পথে ইতিপূর্বে কোন গেইট না থাকায় যত্রতত্র বিভিন্ন লোকজন পর্যদের আভ্যন্তরে প্রবেশ করত। এছাড়াও প্রধান ফটক/মেইন গেইট না থাকায় আগত প্রার্থীগণকে বিভিন্ন অসুবিধার সম্মুখীন হতে হতো। অত্র সংস্থার নিরাপত্তা এবং সামগ্রীক সৌন্দর্যের বিষয়টি বিবেচনা করতঃ এডিপির অর্থায়নে ৫৫,৮২,৭৯৮.৩৯ টাকা ব্যয়ে একটি প্রধান ফটক (Main Gate) নির্মাণ করা হয়। উক্ত প্রকল্পটির নির্মাণ কাজ জুন ২০১১ সালে শুরু হয় এবং এপ্রিল ২০১২ সালে এর নির্মাণ কাজ শেষ হয়।

ক-২

সীমিত